# মূল বইয়ের অতিরিক্ত অংশ

## প্রথম অধ্যায়: অর্থনীতি পরিচয়

### পরীক্ষায় কমন পেতে অনন্য প্রশ্নোত্তর

**প্রশ্ন ▶১** লেলিন স্যার নিলয়কে অর্থনীতির উৎপত্তি ও বিকাশ সম্পর্কে লিখতে বললেন। নিলয় নিম্নোক্তভাবে স্যারকে লিখে দেখালো—

১. ১৭৭৬ সালে অ্যাডাম স্মিথ অর্থনীতির একটি ভিত্তি তৈরি করেন।
২. গ্রিক সভ্যতার ইতিহাসে এরিস্টটলকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়।
৩. প্রাচীনকালে অর্থনীতি বিষয়ের আলাদা কোনো অস্তিত্ব ছিল না।
৪. অর্থনৈতিক ধারণার সূত্রপাত ঘটে খ্রিষ্টের জন্মের ২৫০০ আগে।
৫. রোমান সমাজে কৃষিকে অত্যন্ত মহৎ এবং সম্মানজনক পেশা হিসেবে মনে করা হতো। ◀ শিখনফল-১

ক. অর্থনীতির জনক কে? ১
খ. অভাব নির্বাচন বলতে কী বোঝ? ২
গ. নিলয় যেভাবে অর্থনীতির উৎপত্তি ও বিকাশ লিখেছে সেটি অশুদ্ধ হলে শুদ্ধভাবে উপস্থাপন করো। ৩
ঘ. নিলয় অর্থনীতির উৎপত্তি ও বিকাশ সম্পর্কে যে ধারণা দিয়েছে সেগুলো ছাড়া আর কী কী থাকতে পারে তা বিশ্লেষণ করো। ৪

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** অর্থনীতির জনক অ্যাডাম স্মিথ।

**খ** সীমিত সম্পদ দ্বারা অসীম অভাবের মধ্যে কোন গুরুত্বপূর্ণ অভাব প্রথমে পূরণ করা হবে তা নির্ধারণ করাই হলো অভাব নির্বাচন।

একই সময়ে মানুষ অসংখ্য অভাবের সম্মুখীন হয়। সীমিত সম্পদের সাহায্যে এ অসীম অভাব পূরণ করতে হলে অভাবগুলোকে গুরুত্বের ভিত্তিতে নির্বাচন করতে হয়। সীমিত সম্পদের বিকল্প ব্যবহারযোগ্যতার কারণে 'পছন্দ' বা 'নির্বাচন' করা হলে এর মাধ্যমে তৃপ্তি বা উপযোগ সর্বোচ্চ পর্যায়ে পৌঁছানো সম্ভব।

**গ** নিলয় অর্থনীতির উৎপত্তি ও বিকাশ সম্পর্কে যে ধারাবাহিকতা লিখেছে তা শুদ্ধ নয়। নিচে নিলয়ের লেখাটি শুদ্ধভাবে উপস্থাপন করা হলো—

১. অর্থনৈতিক ধারণার সূত্রপাত ঘটে খ্রিষ্টের জন্মের ২৫০০ বছর আগে।
২. প্রাচীনকালে অর্থনীতি বিষয়ের আলাদা কোনো অস্তিত্ব ছিল না।
৩. গ্রিক সভ্যতার ইতিহাসে এরিস্টটলকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়।
৪. রোমান সমাজে কৃষিকে মহৎ এবং সম্মানজনক পেশা হিসেবে মনে করা হতো।
৫. ১৭৭৬ সালে অ্যাডাম স্মিথ অর্থনীতির একটি ভিত্তি তৈরি করেন।

**ঘ** নিলয় অর্থনীতির উৎপত্তি ও বিকাশ সম্পর্কে এলোমেলো ধারণা দিয়েছে। নিলয়ের ধারণাগুলো ছাড়াও আরও যেসব বিষয় রয়েছে সেসব সম্পর্কে নিচে আলোচনা করা হলো:

**প্রথমত,** হযরত মুসা (আ.)-এর সময়ে অর্থাৎ ২৫০০ খ্রিষ্টপূর্ব হিব্রু (Hebrew) সভ্যতার যুগে ধর্মগ্রন্থে বা দর্শনের বইয়ে অর্থনীতি বিষয়ে অগোছালোভাবে কিছু আলোচনা হয়।

**দ্বিতীয়ত,** প্রাচীন গ্রিস হলো এমন একটি দেশ যেখানে অর্থনৈতিক বিষয়ক বিভিন্ন ধারণার উৎপত্তি ঘটে। এরিস্টটলের সময়ই গ্রিসের শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী কাজ বণ্টন শুরু হয় যা পরবর্তীতে শ্রমবিভাগ বলে পরিচিতি লাভ করে।

**তৃতীয়ত,** রোমান দার্শনিকরা টাকা লগ্নি করাকে বা টাকা সুদে খাটানোকে খুনের সমান অপরাধ বলে মনে করতেন। পরবর্তীতে সেখানে বাণিজ্যবাদেরও আংশিক বিকাশ ঘটে।

**চতুর্থত,** প্রাচীন ভারতে চতুর্থ খ্রিষ্টপূর্বে কৌটিল্যের 'অর্থশাস্ত্রে' রাজনীতি, সমাজ, অর্থনীতি ও সামরিক বিষয়ের ওপর আলোচনা করা হয়।

**পঞ্চমত,** অর্থনীতি একটি স্বতন্ত্র বিষয় হিসেবে স্বীকৃতি পায় যখন ইংরেজ অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথ ১৭৭৬ সালে তার বিখ্যাত বই *'An Inquiry into the Nature and Causes of the Wealth of Nations'* রচনা করেন। আজকের অর্থনীতির মূল ভিত্তি হলো অ্যাডাম স্মিথের এ বই।

উপরের আলোচনা থেকে বলা যায়, নিলয় অর্থনীতির উৎপত্তি ও বিকাশ সম্পর্কে যে ধারণা দিয়েছে তা ছাড়াও অর্থনীতির বিকাশের ক্ষেত্রে আরও অনেক বিষয় রয়েছে।

**প্রশ্ন ▶২** ঘটনা-১: বিপুল পূর্ব এশিয়ার একটি দেশে বেড়াতে গিয়েছিল। দেশটির প্রাকৃতিক দৃশ্য অত্যন্ত মনোরম। দেশটির অর্থব্যবস্থায় কোন দ্রব্য, কী পরিমাণে, কীভাবে এবং কার জন্য উৎপাদিত হবে তা সরকার নির্ধারণ করে।

ঘটনা-২: হাকিম দীর্ঘদিন একটি দেশে বাস করছেন। যেখানে স্বয়ংক্রিয় দামব্যবস্থার মাধ্যমে দাম নির্ধারিত হয়। সমাজে বিত্তবান ও সাধারণ জনগণের আয়ের মধ্যে বৈষম্য বেশি থাকে। ◀ শিখনফল-৫

ক. 'ভূমিবাদ' মতবাদ প্রচার করে কারা? ১
খ. 'রবিন্সের সংজ্ঞাটি কেন উত্তম মনে করা হয়? ২
গ. হাকিম যে দেশে বাস করছে সে দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ এর দেশ দুটির অর্থব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

**২ নং প্রশ্নের উত্তর**

**ক** ভূমিবাদ মতবাদ প্রচার করে ফরাসিরা।

**খ** অর্থনীতিবিদ এল. রবিন্স প্রদত্ত সংজ্ঞায় অর্থনীতির প্রকৃত স্বরূপ ফুটে উঠেছে বলে তার সংজ্ঞাটিকে উত্তম মনে করা হয়।

মানুষের অভাব অসীম এবং এর প্রকৃতি ও পরিমাণ ভিন্ন; কিন্তু এই অসীম অভাব পূরণের জন্য সম্পদ সীমিত। তাই অভাবের অগ্রাধিকার ভিত্তিতে অভাব পূরণের জন্য সীমিত সম্পদের বিকল্প ব্যবহার প্রয়োজন। উক্ত বিষয়গুলো এল. রবিন্সের সংজ্ঞায় উল্লেখ আছে। তাই তার সংজ্ঞাটিকে অধিকতর গ্রহণযোগ্য বা উত্তম মনে করা হয়।

**গ** হাকিম যে দেশে বাস করছে সে দেশে ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বিদ্যমান।

ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় সমাজের অধিকাংশ সম্পদ বা উৎপাদনের উপকরণসমূহের ওপর ব্যক্তিমালিকানা বজায় থাকে। এ অর্থব্যবস্থায় যাবতীয় অর্থনৈতিক কাজ স্বয়ংক্রিয় দামব্যবস্থার মাধ্যমে পরিচালিত হয়। এখানে চাহিদা ও যোগানের দ্বারা দাম নির্ধারিত হয় এবং তার ভিত্তিতেই উৎপাদন ও ভোগ কার্য পরিচালিত হয়। প্রত্যেক ভোক্তা তার নিজস্ব পছন্দ, ইচ্ছা ও রুচি অনুযায়ী যেকোনো দ্রব্য, যেকোনো পরিমাণে ক্রয় ও ভোগ করতে পারে। এছাড়া ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উদ্যোক্তা ও ব্যবসায়ীদের মধ্যে দ্রব্যের উৎপাদন ও বিক্রয়ের ব্যাপারে অবাধ প্রতিযোগিতা থাকে।

উদ্দীপকে হাকিমের বসবাসকৃত দেশে স্বয়ংক্রিয় দামব্যবস্থার মাধ্যমে দাম নির্ধারিত হয় এবং সমাজে বিত্তবান ও সাধারণ জনগণের মধ্যে আয় বৈষম্য হয়ে থাকে যার সাথে ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্যের মিল রয়েছে। সুতরাং হাকিমের বসবাসকৃত দেশে ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বিদ্যমান।

**ঘ** ঘটনা-১ এর দেশে সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা এবং ঘটনা-২ এর দেশে ধনতান্ত্রিক অর্থব্যবস্থা চালু রয়েছে। উভয় অর্থব্যবস্থা সম্পূর্ণ বিপরীতধর্মী অর্থব্যবস্থা।

ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় সম্পত্তি ও উৎপাদনের উপকরণসমূহের ওপর ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠিত হয়। পক্ষান্তরে, সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় সম্পদ ও উৎপাদনের উপকরণগুলোর মালিকানা রাষ্ট্রের ওপর ন্যস্ত থাকে। এছাড়া, ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের ক্ষেত্রে ব্যক্তিগত উদ্যোগ স্বীকৃত। কিন্তু সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের ক্ষেত্রে ব্যক্তিগত উদ্যোগের কোনো স্বীকৃতি নেই। সেখানে উৎপাদনের সকল উদ্যোগ রাষ্ট্রই গ্রহণ করে।

ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে প্রতিযোগিতার মাধ্যমে বাজার দাম নির্ধারিত হয়। কিন্তু সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় অবাধ দামব্যবস্থার পরিবর্তে নিয়ন্ত্রিত দামব্যবস্থা তথা আরোপিত দামব্যবস্থা প্রচলিত থাকে। অন্যদিকে, ধনতান্ত্রিক অর্থনীতিতে সম্পদের ওপর ব্যক্তিগত মালিকানা বজায় থাকায় আয় বণ্টনে বৈষম্য দেখা যায়। কিন্তু সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় সম্পদ ও উৎপাদনের উপকরণগুলোর ওপর সামাজিক মালিকানা কায়েম থাকে। তাই আয় বণ্টনে অসমতা দেখা দেয় না।

উপরের আলোচনার প্রেক্ষিতে বলা যায়, ঘটনা-১ ও ঘটনা-২ এর দেশ দুটির অর্থব্যবস্থা তথা সমাজতান্ত্রিক ও ধনতান্ত্রিক অর্থব্যবস্থার মধ্যে যথেষ্ট পার্থক্য বিদ্যমান। আলোচিত দু'ধরনের অর্থব্যবস্থায় সম্পূর্ণ ভিন্নধর্মী আদর্শ প্রতিফলিত হতে দেখা যায়।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

### ➤ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶৩** মনজুর এলাহি উচ্চ শিক্ষা লাভের জন্য বিদেশে গেল। সেখানে বাসা ভাড়া এবং খাদ্যদ্রব্যের মূল্য অনেক বেশি হওয়ায় সে তার খরচ চালাতে দিশেহারা হয়ে পড়ে। তাই সে একটি ফাস্টফুড তৈরির কারখানায় কাজ নেয়। বাজারে ওই কারখানার উৎপাদিত খাদ্যদ্রব্যের চাহিদা বৃদ্ধি পাওয়ায় মালিক কারখানার আরও একটি নতুন শাখা খোলেন। এর জন্য সরকারের কোনো অনুমতির প্রয়োজন হয়নি। পূর্বে এ দেশটিতে ব্যক্তিমালিকানায় কলকারখানা ছিল না। তখন প্রতিটি পরিবার নিত্যপ্রয়োজনীয় জিনিস সহজে ক্রয় করতে পারতো। ◀ *শিখনফল-৫*

ক. এল. রবিন্স প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখো। ১
খ. আয়ের বৃত্তাকার প্রবাহটি লেখ। ২
গ. মনজুর এলাহি যে দেশে গিয়েছিল সে দেশের প্রচলিত অর্থব্যবস্থার স্বরূপ ব্যাখ্যা করো। ৩
ঘ. মৌলিক অধিকার পূরণে বর্তমান অবস্থা অপেক্ষা মনজুর এলাহি দেশটির পূর্বের অবস্থা কি অধিকতর শ্রেয় বলে মনে করো? মতামত দাও। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** আধুনিক অর্থনীতিবিদ অধ্যাপক লায়নেল রবিন্স (Prof. Lionel Robbins) বলেন, "অর্থনীতি এমন একটি বিজ্ঞান যা অসীম অভাব ও বিকল্প ব্যবহারযোগ্য অপ্রচুর সম্পদের মধ্যে সমন্বয় সাধনকারী মানুষের আচরণ বিশ্লেষণ করে।"

**খ** সাধারণত অর্থনীতিতে দুই ধরনের প্রতিনিধি থাকে। পরিবার এবং ফার্ম। এই দুই প্রতিনিধির মধ্যে আয়-ব্যয় বিনিময় প্রবাহকে আয়ের বৃত্তাকার প্রবাহ বলা হয়। দেশের জনগণ তথা পরিবারের উৎপাদনের উপকরণগুলো হলো— ভূমি, শ্রম, মূলধন ও সংগঠন ফার্মের কাছে সরবরাহ করে। বিনিময়ে সেখান থেকে সেগুলোর দামস্বরূপ খাজনা, মজুরি, সুদ ও মুনাফা বাবদ আয় করে। এ আয় পরিবারের ব্যয়ের সমান। আর এই আয়-ব্যয়ের চক্রাকার প্রবাহকে আয়ের বৃত্তাকার প্রবাহ বলে।

*সুপার টিপস্: প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—*

**গ** ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য ব্যাখ্যা করো।

**ঘ** ধনতান্ত্রিক ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶৪** 'X' রাষ্ট্রের দাসপ্রথা একটি স্বীকৃত বিষয় ছিল। এ রাষ্ট্রে রাষ্ট্রবিজ্ঞানীরাই সর্বপ্রথম ব্যক্তিমালিকানার ধারণা দেয়। 'Y' রাষ্ট্র আমদানির চেয়ে রপ্তানি বেশি করে তাদের অর্থনৈতিক কাজ চালাত। অর্থনৈতিক কর্মকাণ্ডের লক্ষ্য ছিল রাষ্ট্রের ক্ষমতা ও বাণিজ্য বৃদ্ধি করা। ◀ *শিখনফল-৫*

ক. 'অর্থশাস্ত্র' গ্রন্থটি কার লেখা? ১
খ. অর্থনীতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে 'X' রাষ্ট্রের সাথে কোন রাষ্ট্রের অর্থনৈতিক চিন্তার মিল আছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'Y' রাষ্ট্রের অর্থনৈতিক ধারণা থেকে বর্তমান পুঁজিবাদী অর্থনৈতিক ধারণার বিকাশ হয়েছে— এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** 'অর্থশাস্ত্র' গ্রন্থটি কৌটিল্যের লেখা।

**খ** মানুষের দৈনন্দিন অর্থনৈতিক কার্যাবলি এবং সীমিত সম্পদ ও অসীম অভাবের মধ্যে সমন্বয় সাধন সম্পর্কিত বিজ্ঞানকেই অর্থনীতি বলা হয়।

অর্থনীতির জনক অ্যাডাম স্মিথের মতে, 'অর্থনীতি এমন একটি বিজ্ঞান, যা জাতিসমূহের সম্পদের ধরন ও কারণ অনুসন্ধান করে।' অধিক গ্রহণযোগ্য সংজ্ঞাটি প্রদান করেন এল. রবিন্স। তার মতে, অর্থনীতি হলো এমন একটি বিজ্ঞান, যা মানুষের অসীম অভাব এবং বিকল্প ব্যবহারযোগ্য দুষ্প্রাপ্য উপকরণসমূহের মধ্যে সমন্বয় সাধনকারী কার্যাবলি আলোচনা করে।

**গ** ব্যক্তিমালিকানার ধারণা সাথে গ্রিস রাষ্ট্রের অর্থনৈতিক চিন্তার মিল আছে— ব্যাখ্যা করো।

**ঘ** পুঁজিবাদী অর্থনৈতিক ধারণার বিকাশ বিশ্লেষণ করো।

## ➤ অনুশীলনের জন্য আরও প্রশ্ন

**প্রশ্ন ▶৫** জনাব রহমান একজন স্বনামধন্য ব্যবসায়ী। ব্যবসার অর্থনৈতিক উন্নয়ন তার ভাবনার মূল বিষয়। তিনি পুঁজিবাদী অর্থব্যবস্থার পক্ষে। কেননা তিনি মনে করেন, সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার চেয়ে পুঁজিবাদী অর্থব্যবস্থা ব্যবসা-বাণিজ্যের জন্য বেশি অনুকূল এবং অধিক মুনাফা অর্জন করা সম্ভব। ◀ *শিখনফল-৫*

ক. কৃষি হলো উৎপাদনশীল খাত, এটি কাদের মতবাদ? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. জনাব রহমান কী কারণে ধনতান্ত্রিক অর্থব্যবস্থার পক্ষে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব রহমান যে অর্থব্যবস্থাটিকে বাণিজ্যের জন্য অনুকূল নয় বলে মনে করেন তার বৈশিষ্ট্য উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৬** সাগর একজন মুদি দোকানদার। সে দোকান থেকে সীমিত আয় করে। যা দিয়ে তার পরিবারের সব ধরনের অভাব পূরণ হয় না। ◀ *শিখনফল-২*

ক. অর্থনীতির কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? বুঝিয়ে লেখো। ২
গ. সাগরের জীবনের প্রধান ২টি অর্থনৈতিক সমস্যা ব্যাখ্যা করো। ৩
ঘ. সীমিত আয়ের জন্য তাকে প্রধানত যেসব সমস্যার সম্মুখীন হতে হয় তা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ▶৭** সুজিত সাহেব বাংলাদেশের নাগরিক। তিনি উচ্চ শিক্ষার জন্য কিউবায় চলে যান। কিউবার যে বিষয়টি তার দৃষ্টি আকর্ষণ করে সেটি হলো, রাষ্ট্রের নিয়ন্ত্রণে যাবতীয় অর্থনৈতিক কার্যাবলি পরিচালনা। সেখানে ব্যক্তিগত মুনাফার উদ্দেশ্যে কোনো অর্থনৈতিক প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। সেখানে সুজিত সাহেব তার নিজ দেশে অর্থব্যবস্থার কথা ভাবলেন, যেখানে রাষ্ট্রীয় ও ব্যক্তিগত উৎপাদন ব্যবস্থা বিদ্যমান রয়েছে। ◀ *শিখনফল-৬*

ক. বাংলাদেশে কোন ধরনের অর্থব্যবস্থা রয়েছে? ১
খ. বাংলাদেশের অর্থব্যবস্থার প্রধান দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সুজিত সাহেব যে দেশে উচ্চ শিক্ষার জন্য যান সে দেশের অর্থব্যবস্থার ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের দেশ ও বাংলাদেশের অর্থব্যবস্থার মধ্যে কোনটি তোমার কাছে বেশি গ্রহণযোগ্য? তোমার উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

**প্রশ্ন ▶৮** ইউনুসের পরিবার অত্যন্ত দরিদ্র। তার পরিবারের সদস্য সংখ্যা যেমনি বেশি, তেমনি সম্পদের স্বল্পতাও রয়েছে। অভাব তার পরিবারের নিত্যসঙ্গী। সীমিত সম্পদের সাহায্যে অসীম অভাব পূরণ করতে গিয়ে তাকে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। একটি অভাব পূরণের সাথে সাথে আরেকটি নতুন অভাব দেখা দেয়। ◀ *শিখনফল-২*

ক. মৌলিক অর্থনৈতিক সমস্যা কয়টি? ১
খ. অর্থনৈতিক সমস্যা কেন সৃষ্টি হয়? ২
গ. ইউনুসের উদাহরণের সাহায্যে অভাব নির্বাচন সমস্যা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ইউনুসের মতো অগণিত মানুষের অভাবের শেষ নেই'— বিশ্লেষণ করো। ৪

# নিজেকে যাচাই করি

## সৃজনশীল বহুনির্বাচনি প্রশ্ন

সময়: ৩০ মিনিট; মান-৩০

**১. ইংল্যান্ডের উৎপাদিত পণ্য পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি করে তারা কী আমদানি করত?**
ক তামা খ প্লাটিনাম
গ ব্রোঞ্জ ঘ সোনা

**২. মূল্যস্ফীতি কী?**
ক যোগান স্তর বৃদ্ধি খ চাহিদা হ্রাস
গ মূল্যস্তর হ্রাস ঘ মূল্যস্তর বৃদ্ধি

**৩. অর্থনীতি বিশেষ ভূমিকা রাখে—**
i. মানুষের কল্যাণে
ii. সমাজের কল্যাণে
iii. দেশের কল্যাণে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**৪. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের মূল লক্ষ্য কী?**
ক পণ্য বিক্রয় খ মূল্য নির্ধারণ
গ মুনাফা অর্জন ঘ লাভ-লোকসান নির্ণয়

**৫. মূল্যস্ফীতি কমলে কী ঘটে?**
ক বেকারত্ব বাড়ে খ বেকারত্ব কমে
গ দাম বাড়ে ঘ কোনটিই নয়

**৬. মানুষের জীবনে কোনটির শেষ নেই?**
ক অর্থ খ অভাব
গ সম্পত্তি ঘ যোগান

**৭. উত্তম অর্থব্যবস্থা হিসেবে নিচের কোনটিকে গণ্য করা হয়?**
ক ধনতান্ত্রিক অর্থব্যবস্থা
খ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা
গ ইসলামি অর্থব্যবস্থা
ঘ মিশ্র অর্থব্যবস্থা

**৮. কোন ধরনের অর্থব্যবস্থায় আয় বৈষম্য বেশি থাকে?**
ক ধনতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ ইসলামি ঘ মিশ্র

**৯. কোন অর্থব্যবস্থায় অতিরিক্ত একচেটিয়া মুনাফা অর্জন সম্ভব নয়?**
ক প্রথাগত খ ধনতন্ত্র
গ মিশ্র ঘ নির্দেশমূলক

**১০. মানুষ কীভাবে তার প্রয়োজনীয় অভাব পূরণ করে?**
ক নির্বাচনের মাধ্যমে
খ সুযোগ ব্যয়ের মাধ্যমে
গ চোরাচালানের মাধ্যমে
ঘ দুষ্প্রাপ্যতার মাধ্যমে

**১১. নিচের কোনটি গণদ্রব্য?**
ক বাড়ি খ গাড়ি
গ মহাসড়ক ঘ খাদ্য

**১২. সম্পদের দক্ষ ব্যবহারের জন্য অভাবের অগ্রাধিকার বাছাইয়ের প্রক্রিয়াটিকে কী বলে?**
ক দুষ্প্রাপ্যতা খ নির্বাচন
গ উৎপাদন ঘ মৌলিক সমস্যা

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:**
জেঠালাল সরকার শ্রীলংকায় বাস করেন। তার দেশের উৎপাদনের উপকরণগুলো ব্যক্তিমালিকানাধীন এবং বেসরকারি উদ্যোগে যাবতীয় অর্থনৈতিক কার্যক্রম পরিচালিত হয়।

**১৩. জেঠালাল সরকারের দেশে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?**
ক সমাজতান্ত্রিক খ মিশ্র
গ ধনতান্ত্রিক ঘ ইসলামি

**১৪. উক্ত দেশের অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হলো—**
i. সম্পদের ব্যক্তিমালিকানা
ii. আয়বৈষম্য
iii. কেন্দ্রীয় পরিকল্পনা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৫. বাণিজ্যের পূর্বশর্ত কী?**
ক দুই পক্ষই লাভবান হবে
খ এক পক্ষ লাভবান হবে
গ পণ্যের দাম কম হবে
ঘ পণ্যের দাম বেশি হবে

**১৬. ইসলামি অর্থনীতিতে সুদ গ্রহণ স্বীকৃতি নেই উক্তিটিতে কোন বিষয় ফুটে উঠেছে?**
ক ইসলামি অর্থব্যবস্থার প্রকারভেদ
খ ইসলামি অর্থব্যবস্থার বৈশিষ্ট্য
গ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার প্রকারভেদ
ঘ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য

**১৭. অ্যাডাম স্মিথ কোন ধরনের অর্থব্যবস্থার সমর্থক ছিলেন?**
ক সমাজতান্ত্রিক খ ইসলামি
গ মিশ্র ঘ ধনতান্ত্রিক

**১৮. যে অর্থব্যবস্থায় সকল সম্পদের ওপর ব্যক্তি মালিকানা দেখা যায় তাকে কোন ধরনের অর্থব্যবস্থা বলে?**
ক ধনতান্ত্রিক খ সমাজতান্ত্রিক
গ মিশ্র ঘ ইসলামি

**১৯. কোনো দ্রব্যের দাম কীভাবে নির্ধারিত হয়?**
ক বিক্রেতার ইচ্ছা অনুযায়ী
খ ক্রেতার ইচ্ছা অনুযায়ী
গ ক্রেতা ও বিক্রেতার মধ্যে ক্রিয়া-প্রতিক্রিয়ার মাধ্যমে
ঘ সরকারের ইচ্ছা অনুযায়ী

**২০. ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় উৎপাদনের মূল লক্ষ্য কী?**
ক পণ্য বিক্রয় খ মুনাফা অর্জন
গ মূল্য নির্ধারণ ঘ লাভ-লোকসান নির্ণয়

**২১. অর্থনৈতিক সমস্যার ক্ষেত্রে তুমি যেটিকে সমর্থন করবে—**
i. দুষ্প্রাপ্যতা
ii. চাহিদা
iii. অসীম অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২২. কোনটি ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য?**
ক ব্যক্তিগত মালিকানা
খ কেন্দ্রীয় পরিকল্পনা
গ সুদমুক্ত আমানত
ঘ সরকারি নিয়ন্ত্রণ

**২৩. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার আরেকটি নাম কী?**
ক পুঁজিবাদী অর্থনীতি
খ মিশ্র অর্থব্যবস্থা
গ ক ও খ
ঘ প্রথাগত অর্থব্যবস্থা

**২৪. একটি দেশের মানুষের জীবনযাত্রার মান নির্ভর করে সে দেশের পণ্য ও সেবা উৎপাদনের ক্ষমতার ওপর। কেননা এর ফলে—**
i. মাথাপিছু আয় বাড়ে
ii. উন্নত স্বাস্থ্যসেবা লাভ করা যায়
iii. শ্রমিকদের কর্মক্ষমতাও বাড়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. সরকারি হস্তক্ষেপ ছাড়া স্বয়ংক্রিয় দামব্যবস্থার মাধ্যমে অর্থনৈতিক কার্যক্রম পরিচালিত হওয়াকে কী বলে?**
ক ধনতান্ত্রিক অর্থব্যবস্থা
খ সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা
গ মিশ্র অর্থব্যবস্থা
ঘ ইসলামি অর্থব্যবস্থা

**২৬. মিশ্র অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হলো—**
i. সম্পদের ব্যক্তিগত মালিকানা
ii. সম্পদের সরকারি মালিকানা
iii. সম্পদের রাষ্ট্রীয় মালিকানা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:**
চীন একটি সমাজতান্ত্রিক দেশ। চীনে সমাজতান্ত্রিক অর্থব্যবস্থা চালু রয়েছে। চীনের বেশির ভাগ প্রতিষ্ঠানের মালিক রাষ্ট্র।

**২৭. উক্ত অর্থনীতিতে অধিক সম্পদ কার দখলে থাকে?**
ক রাষ্ট্রের
খ জনগণের
গ বেসরকারি প্রতিষ্ঠানের
ঘ সরকারি প্রতিষ্ঠানের

**২৮. উক্ত অর্থব্যবস্থার বৈশিষ্ট্য নয়—**
i. সম্পদের ব্যক্তিগত মালিকানা
ii. সম্পদের রাষ্ট্রীয় মালিকানা
iii. কেন্দ্রীয় পরিকল্পনার অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৯. ইংল্যান্ডের বাণিজ্যবাদের বিপক্ষে অবস্থান নিয়ে ফরাসিরা কোন মতবাদ প্রচার করে?**
ক ফ্যাসিবাদ খ ভূমিবাদ
গ শ্রমবাদ ঘ ধনতন্ত্র

**৩০. একজন ব্যক্তির একই সাথে রঙিন টিভি, মোবাইল ফোন, শার্ট এবং ঘড়ির প্রয়োজন। এমতাবস্থায় সে কোনটি আগে পূরণ করবে?**
ক শার্ট খ ঘড়ি
গ রঙিন টিভি ঘ মোবাইল ফোন

## সৃজনশীল রচনামূলক প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট; মান-৭০

**১.▶** আব্দুল্লাহর পরিবার অত্যন্ত দরিদ্র। তার পরিবারের আয়তন যেমন বড় তেমনি সম্পদের স্বল্পতাও বিদ্যমান। অভাব তার পরিবারের নিত্যসঙ্গী। সীমিত সম্পদের সাহায্যে অসীম অভাব পূরণ করতে গিয়ে তাকে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। একটি অভাব পূরণের সাথে সাথে আরেকটি নতুন অভাব দেখা দেয়।

ক. অ্যাডাম স্মিথের অর্থনীতির সংজ্ঞাটি লেখ। ১
খ. অধ্যাপক আলফ্রেড মার্শাল এবং অর্থনীতিবিদ এল. রবিন্স প্রদত্ত সংজ্ঞা দুটির কোনটি শ্রেষ্ঠ? ব্যাখ্যা করো। ২
গ. আব্দুল্লাহর উদাহরণের সাহায্যে অভাব নির্বাচন সমস্যা ব্যাখ্যা করো। ৩
ঘ. "আব্দুল্লাহর মতো অগণিত মানুষের অভাবের শেষ নেই।"— বিশ্লেষণ করো। ৪

**২.▶** করিম পেশায় কৃষক। তার সামান্য জমি থাকায় সে অন্যের জমি বর্গা নিয়ে চাষাবাদ করেন। তার পরিবারের লোক সংখ্যাও অধিক। এত বড় পরিবার চালাতে তাকে হিমশিম খেতে হয়, যার দরুন তার পরিবার বিভিন্ন সমস্যায় জর্জরিত। তারপরও তিনি চেষ্টা করছেন কীভাবে এ অবস্থার উত্তরণ ঘটানো যায়।

ক. অধ্যাপক মার্শাল প্রদত্ত অর্থনীতির সংজ্ঞাটি লেখ। ১
খ. বাংলাদেশকে উন্নয়নশীল দেশ বলা হয় কেন? ২
গ. করিম সীমিত সম্পদের জন্য কী কী সমস্যার সম্মুখীন হতে হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. করিমকে সম্পদের সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে কীভাবে তার সমস্যা দূর করতে পারে বলে তুমি মনে করো? ৪

**৩.▶** একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য সর্বপ্রথম প্রয়োজন সে দেশের মানুষকে অর্থনীতির জ্ঞান সম্পর্কে অবহিত করা। আর সেজন্য প্রয়োজন অর্থনীতি পাঠ। অর্থনৈতিক উন্নয়ন তথা জীবনযাত্রার মান উন্নয়নের জন্য অর্থনৈতিক জ্ঞান অপরিহার্য। শুধু অর্থনৈতিক জ্ঞান অর্জন নয় তা বাস্তবায়নের লক্ষ্যে দেশের প্রতিটি মানুষকে সক্রিয় ভূমিকা পালনের মাধ্যমে এগিয়ে আসতে হবে। তবেই বাংলাদেশের মানুষের আর্থ-সামাজিক অবস্থায় উন্নয়ন ঘটবে।

ক. বাণিজ্যবাদ কাকে বলে? ১
খ. ইসলামি অর্থব্যবস্থার বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ২
গ. অর্থনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তুমি কীভাবে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারো? উদ্দীপকের বক্তব্যের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. অর্থনৈতিক জ্ঞান দেশের সর্বস্তরের মানুষের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখবে— উক্তিটির সপক্ষে তোমার মতামত দাও। ৪

**৪.▶** 'A' একটি দেশ যেখানে সম্পদের ব্যক্তিগত মালিকানা বিদ্যমান। রহিম গত পাঁচ বছর ধরে 'A' দেশে বসবাস করছে। সে একটি নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে। জিনিসপত্র উৎপাদন ও বিক্রি করে সে মুনাফা অর্জন করে। মুনাফার সাহায্যে সে নিজের ইচ্ছামতো দ্রব্যসামগ্রী ক্রয় করতে পারে।

ক. অভাব কী? ১
খ. সীমিত সম্পদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যে অর্থব্যবস্থা সম্পর্কে বলা হয়েছে, সে অর্থব্যবস্থার সুবিধাসমূহ লেখ। ৩
ঘ. উদ্দীপকে আলোচিত অর্থব্যবস্থার বৈশিষ্ট্যসমূহ লেখ। ৪

**৫.▶** তমা উচ্চ শিক্ষার উদ্দেশ্যে 'ক' দেশে যায়। 'ক' দেশের নাগরিকরা অবাধে দ্রব্য ক্রয় ও ভোগ করতে পারে। আবার তমা যে দেশের নাগরিক সেই দেশের অর্থব্যবস্থাকে অনেকে একটি উন্নত অর্থব্যবস্থা বলে মনে করেন।

ক. সুযোগ ব্যয় কী? ১
খ. বাণিজ্যে সবাই উপকৃত হয় কীভাবে? ২
গ. 'ক' দেশের অর্থব্যবস্থার প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. তমা যে দেশের নাগরিক সেই দেশের অর্থব্যবস্থাকে উন্নত বলার যৌক্তিকতা নিরূপণ করো। ৪

**৬.▶** জলিল উচ্চ শিক্ষা লাভের উদ্দেশ্যে 'ক' নামক দেশে যায়। সেখানে সে পড়াশুনার পাশাপাশি একটি কারখানায় খণ্ডকালীন চাকরি পায়। তার মালিককে কারখানাটি স্থাপনের জন্য সরকারের অনুমতির প্রয়োজন হয়নি। এখানে সে তার প্রয়োজন অনুযায়ী যেকোনো দ্রব্য ভোগ করতে পারে।

ক. ইসলামি অর্থনীতি কী? ১
খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. 'ক' দেশে কোন ধরনের অর্থব্যবস্থা প্রচলিত? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর 'ক' দেশের ভোক্তারা পূর্ণ স্বাধীনতা ভোগ করে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৭.▶** সবুরেন্নেছা শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন এমন একটি অর্থব্যবস্থা আছে যেখানে বিভিন্ন অর্থনৈতিক সমস্যা সমাধানের ক্ষেত্রে দামব্যবস্থা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। দামব্যবস্থায় ঘাত-প্রতিঘাতে বিভিন্ন দ্রব্যের উৎপাদন ও দাম নির্ধারিত হয়। এখানে মুনাফা অর্জনের সুযোগ পর্যাপ্ত।

ক. এল রবিন্স প্রদত্ত অর্থনীতির সংখ্যাটি লেখ। ১
খ. Adam Smith-কে অর্থনীতির জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে যে অর্থব্যবস্থার কথা বলা হয়েছে উক্ত অর্থব্যবস্থার তিনটি বৈশিষ্ট্যের বর্ণনা দাও। ৩
ঘ. উক্ত অর্থব্যবস্থায় দাম কীভাবে নির্ধারিত হয় চিত্রসহ ব্যাখ্যা করো। ৪

**৮.▶** জনাব করিম একটি বেসরকারি ব্যাংকের মহাব্যবস্থাপক। তিনি ব্যাংকের বার্ষিক সাধারণ সভায় সুদমুক্ত আমানত সম্পর্কে আলোচনা করেন এবং ইসলামি শরিয়াভিত্তিক অর্থব্যবস্থায় আগ্রহ প্রকাশ করেন।

ক. সম্পদের দুষ্প্রাপ্যতা কী? ১
খ. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় ব্যক্তিগত মুনাফার অনুপস্থিতি দেখা যায় কেন? ২
গ. জনাব করিম ইসলামি শরিয়াভিত্তিক অর্থব্যবস্থায় আগ্রহ প্রকাশ করেন কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. ইসলামি শরিয়াভিত্তিক অর্থব্যবস্থার মূলকথা বিশ্লেষণ করো। ৪

**৯.▶** দেলোয়ার সাহেব একজন স্বনামধন্য ব্যবসায়ী। ব্যবসার অর্থনৈতিক উন্নয়ন তার ভাবনার মূল বিষয়। তিনি পুঁজিবাদী অর্থব্যবস্থার পক্ষে। কেননা তিনি মনে করেন, সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার চেয়ে পুঁজিবাদী অর্থব্যবস্থা ব্যবসা-বাণিজ্যের জন্য বেশি অনুকূল এবং অধিক মুনাফা অর্জন করা সম্ভব।

ক. অর্থনৈতিক ব্যবস্থা কী? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. দেলোয়ার সাহেব কী কারণে ধনতান্ত্রিক অর্থব্যবস্থার পক্ষে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দেলোয়ার সাহেব যে অর্থব্যবস্থাটিকে বাণিজ্যের জন্য অনুকূল নয় বলে মনে করেন তার বৈশিষ্ট্য উল্লেখপূর্বক বিশ্লেষণ করো। ৪

**১০.▶** অস্ট্রেলিয়ার নাগরিকগণ উৎপাদন ও ভোগের ক্ষেত্রে পূর্ণ স্বাধীনতা ভোগ করে। কিন্তু বাংলাদেশের নাগরিকগণ কোনো কোনো বিশেষ দ্রব্যের উৎপাদন ও ভোগের ক্ষেত্রে স্বাধীনতা ভোগ করে না। ভিন্ন অর্থনৈতিক ব্যবস্থার কারণে দেশ দু'টিতে ভিন্ন ব্যবস্থা বিদ্যমান।

ক. Oikonomia শব্দের অর্থ কী? ১
খ. আয়ের বৃত্তাকার প্রবাহ বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থার স্বরূপ ব্যাখ্যা করো। ৩
ঘ. ভিন্ন অর্থনৈতিক ব্যবস্থায় দ্রব্য ভোগের স্বাধীনতা ভিন্ন- বিশ্লেষণ করো। ৪

**১১.▶** সুমন ও জলিল বিভিন্ন অর্থনৈতিক ব্যবস্থা নিয়ে আলাপ করছিল। সুমন মিশ্র অর্থব্যবস্থার পক্ষে মত প্রকাশ করে। জলিলের মতে, ইসলামি অর্থনৈতিক ব্যবস্থা হলো একটি কল্যাণকর ও শোষণহীন অর্থব্যবস্থা। এজন্য অনেক দেশ এ অর্থব্যবস্থা গ্রহণ করেছে। সুমন বলে, আসলে একেক দেশের প্রেক্ষাপটে অর্থনৈতিক ব্যবস্থা নির্ভর করে।

ক. কাকে প্রথম অর্থনীতিবিদ হিসেবে আখ্যায়িত করা হয়? ১
খ. ধনতান্ত্রিক অর্থব্যবস্থাকে অবাধ বা মুক্ত অর্থনীতি বলা হয় কেন? ২
গ. ইসলামি ও সমাজতান্ত্রিক অর্থব্যবস্থার তুলনামূলক আলোচনা করো। ৩
ঘ. তোমার মতে কোন অর্থব্যবস্থা উত্তম? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## সৃজনশীল বহুনির্বাচনি | মডেল প্রশ্নপত্রের উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |